

ভালবাসা

ভালবাসা মানে
তোমার নিতম্বের জোয়ার-ভাটা ।
ভালবাসা মানে
স্তনের চূড়ায় মুখ ডুবিয়ে হৃদয় খুঁজে বেড়ানো ।
ভালবাসা মানে
কস্তুরী নাভীর নীচে মৃগ গন্ধ খুঁজে বেড়ানো ।
ভালবাসা মানে
শরীরের ভাঁজে ভাঁজে সুখ অন্বেষণ করা
ঘামের নোনা জলে ভেঁজা ।
ভালবাসা মানে
পর্বতের চূড়ায় মুখ লুকিয়ে
অর্থহীনতার অর্থ খুঁজে বেড়ানোর
ব্যর্থ চেষ্টায় মেতে ওঠা
শরীরে লীন হয়ে যাওয়া ।

শফিক

কাম ভালবাসা

মেয়েটি কাল এসেছিল
বলেছিল ভালবাসি
ছেলেটি হাত ধরেছিল
বলেছিল ভালবাসি ।
মেয়েটি পাশে বসেছিল
ছেলেটি শরীরের
দরজার কপাট এক এক করে নিঃশব্দে খুলছিল
আর মেয়েটি ভালবাসা মেলে ধরেছিল ।।
ছেলেটি মেয়েটির চোখের নোনা জলে ভিঁজেছিল
মেয়েটি ছেলেটিকে পর্বতে লুকাতে চেয়েছিল
ছেলেটি পর্বতে মুখ ডুবিয়ে
ভালবাসা পান করেছিল ।।
আর নিষিদ্ধ ঠোঁটের ভাঁজে ছেলেটি ঠোট রেখে
জন্ম সূত্র খুঁজে বেড়িয়েছিল ।
বেলা শেষে মেয়েটি ভালবাসা নিংরে নিয়ে ফিরে গিয়েছিল
ছেলেটি ভালবাসা উজার করে দিয়ে
নিঃশ্ব হয়ে ফিরে এসেছিল ।।

শফিক

ভালবাসি

আমি ভালবাসি তোমাকে
তোমার অংগুরীর তর্জনীকে
তোমার রক্তিম ঠোঁট
তোমার পর্বতের ন্যয় সমুন্নত স্তন
তোমার পাঙ্গাস মাছের নিতম্বের ঢেউ
তোমার নাভীর কুন্ডলীর ঘ্রাণ
তোমার নিষিদ্ধ ঠোঁটের ভাঁজ
তোমার শরীরে লুকিয়ে থাকা
আমার সর্বনাশ ।।

শফিক

মন ভাল নেই

ছেলেটির মন ভাল নেই
মেয়েটির প্রশ্ন মন কি এবং কোথায় থাকে ?
ছেলেটির উত্তর, কেন মন হ'ল হৃদয় এর কামনা-বাসনা
আর হৃদয় থাকে বুকের ভিতর ।
মেয়েটির প্রশ্ন কামনা-বাসনা কি এবং কোথায় তার বসবাস ?
ছেলেটি বলে কেন বুক হ'ল ছাতি
ছাতি হ'ল বুকের বেড়া
যেখানে কামনা-বাসনা লুকিয়ে থাকে
আর তা'র বসবাস দেহে ।
মেয়েটির প্রশ্ন তা'হলে
তুমি কেন বলছো তোমার মন ভাল নেই ?
আসলে ছেলেটি ভাল নেই ।

শফিক